



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প  
সেগুনবাগিচা, ঢাকা।  
Web : www.nha.gov.bd

স্মারক নং-জাগৃক/তপ্র (পনবিপ্র)/২/৩৩৭/১১২

তারিখ : ২৬/০৮/২০১২ ইং

## রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা বিজ্ঞপ্তি

রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন-২০১০-এর ধারা ৪ উপধারা (২)(ঘ) অনুসারে রাজউকসহ অন্যান্য উন্নয়ন কর্তৃপক্ষ, সকল সিটি কর্পোরেশন, সকল পৌরসভা, কক্সবাজার জেলার সমগ্র এলাকা এবং সকল ক্যান্টনমেন্ট বোর্ডের অধিক্ষেত্রভুক্ত এলাকা ব্যতীত বাংলাদেশের সমগ্র এলাকার জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষকে সরকার কর্তৃক “কর্তৃপক্ষ” হিসেবে ঘোষণা করা হয়েছে। উক্ত আইনের ধারা ৫ মোতাবেক জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের অধিক্ষেত্রাধীন এলাকায় রিয়েল এস্টেট ব্যবসা পরিচালনার জন্য প্রত্যেক রিয়েল এস্টেট ডেভেলপারকে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ-এর নিকট থেকে নিবন্ধন গ্রহণ এবং প্রকল্প অনুমোদন বাধ্যতামূলক। নিবন্ধন গ্রহণ এবং প্রকল্প অনুমোদন ব্যতীত রিয়েল এস্টেট ব্যবসা পরিচালনা করা বা কোন রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্পের কাজ শুরু করা কিংবা অননুমোদিত রিয়েল এস্টেট প্রকল্পের বিজ্ঞাপন প্রচার/প্রকাশ বা প্লট/ফ্ল্যাট বিক্রয় কার্যক্রম গ্রহণ করা এ আইনের ১৯ ও ২০ ধারামতে আইনত দণ্ডনীয় অপরাধ। ইদানীং লক্ষ্য করা যাচ্ছে যে, রিয়েল এস্টেট ডেভেলপার নিবন্ধন গ্রহণ এবং প্রকল্প অনুমোদন ব্যতীত অনেক প্রতিষ্ঠান এতদসংক্রান্ত বিজ্ঞাপন প্রচার/প্রকাশ ও উন্নয়ন কার্যক্রম শুরু করেছে, যা উক্ত ধারার পরিপন্থী।

এমতাবস্থায় আগ্রহী সকল প্রতিষ্ঠানকে নিবন্ধন গ্রহণ এবং প্রকল্প অনুমোদন ব্যতীত যাবতীয় বিজ্ঞাপন প্রচার/প্রকাশ এবং প্লট/ফ্ল্যাট বিক্রয় প্রক্রিয়া থেকে বিরত থেকে রিয়েল এস্টেট ডেভেলপার নিবন্ধন গ্রহণ এবং প্রকল্প অনুমোদনপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে উল্লেখিত আইনের ১৯ ও ২০ ধারামতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ছাড়া রিয়েল এস্টেট ডেভেলপার-এর নিকট থেকে ক্রয়ে আগ্রহী জনগণকে অনুমোদনবিহীন প্রকল্পের অন্তর্ভুক্ত কোন প্লট/ফ্ল্যাট ক্রয় কার্যক্রম গ্রহণ করা থেকে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

জি.এম. জয়নাল আবেদীন ভূঁইয়া

চেয়ারম্যান

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

সেগুনবাগিচা, ঢাকা

E-mail : chairman@nha.gov.bd

ডিজি-১৩৬৪/১২ (৬"×৩)